

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ২৪ নভেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০৩০.০১৬.০১.২০১২(অংশ-১)-৪৩২—মোটরযান এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০১২ অনুচ্ছেদ-৪ অনুযায়ী সড়ক ব্যবহারকারী বিভিন্ন অংশীদারগণের মধ্যে অধিকতর সমন্বয়ের জন্য গঠিত কমিটিতে উক্ত বিধিমালার অনুচ্ছেদ ৫.৩ মোতাবেক নৌ-পরিবহন মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের ২ (দুই) জন কর্মকর্তাকে সমন্বয় কমিটিতে সদস্য হিসেবে কো-অপ্ট করে সমন্বয় কমিটি নিম্নোক্তভাবে পুনঃ সংশোধন করা হল :

- | | | |
|------|--|--------|
| (১) | যুগ্মসচিব (ননগেজেটেড সংস্থাপন ও এনটিআর) সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ঢাকা সার্কেল, ঢাকা | সদস্য |
| (৩) | উপসচিব (পুলিশ অধিশাখা-৪), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| (৪) | উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| (৫) | উপসচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| (৬) | পরিচালক (চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ), খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা | সদস্য |
| (৭) | উপপ্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম | সদস্য |
| (৮) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা | সদস্য |
| (৯) | পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা | সদস্য |
| (১০) | পরিচালক (কারিগরী), বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা | সদস্য |

(১০৩২৭)

মূল্য : টাকা ৪.০০

(১১)	পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন সংস্থা, মতিঝিল, ঢাকা	সদস্য
(১২)	পরিচালক (ট্রাফিক), স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা	সদস্য
(১৩)	সচিব, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা, বাগেরহাট	সদস্য
(১৪)	অতিরিক্ত পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ (পূর্বাঞ্চল), কুমিল্লা	সদস্য
(১৫)	জনাব মোঃ রুস্তম আলী, সহসভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা	সদস্য
(১৬)	জনাব আব্দুর রহিম বক্স দুদু, সিনিয়র সহসভাপতি, বাংলাদেশ শ্রমিক ফেডারেশন, ২৮ মতিঝিল, ঢাকা	সদস্য
(১৭)	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রোড ডিজাইন এন্ড সেফটি সার্কেল, তেজগাঁও, ঢাকা	সদস্য-সচিব

সমন্বয় কমিটির কার্যপরিধিঃ

- (১) কমিটি প্রত্যেক ক্যালেন্ডার বছরের প্রতি দুই মাসে কমপক্ষে একটি সভা করবে। তবে জরুরী প্রয়োজনে এ কমিটি যে কোন সময় সভা আহবান করতে পারবে;
- (২) বিশেষ প্রয়োজনে কমিটি যে কোন কর্মকর্তা/ব্যক্তিকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে পারবে;
- (৩) প্রয়োজনে সড়ক বিভাগের সম্মতি নিয়ে কোন ব্যক্তি/কর্মকর্তাকে এ কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে;
- (৪) বিভিন্ন পক্ষের মধ্যে কোন মতবিরোধ হলে তা নিরসনের জন্য কমিটি তাৎক্ষণিক উদ্যোগ গ্রহণ করবে;
- (৫) এ নীতিমালার উদ্দেশ্য পূরণে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের কাছ থেকে কোন অভিযোগ অথবা পরামর্শ পাওয়া গেলে কমিটি তা বিবেচনা করবে;
- (৬) কমিটি এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে যে কোন প্রকারের প্রস্তাব কর্তৃপক্ষের নিকট পেশ করবে ; এবং
- (৭) উপযুক্ত আদালত কর্তৃক আরোপিত কোন শাস্তির বিষয় এ কমিটির কার্যপরিধি বহির্ভূত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তসলিমা কানিজ নাহিদা
সিনিয়র সহকারী সচিব।